তারিখ ... 27 APR 2016 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

দৈনিক জনকণ্ঠ

চবি শিক্ষক সমিতির নির্বাচন

# মুক্তিযুদ্ধের পক্ষের শিক্ষকদের পূর্ণ প্যানেলে বিজয়

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শিক্ষক সমিতির নির্বাচনে বাঙালী জাতীয়তাবাদ ও মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ প্রগতিশীল শিক্ষকদের সংগঠন হলুদ দল পূর্ণ প্যানেলে জয়লাভ করেছে। নির্বাচনে সভাপতি, সাধারণ সম্পাদকসহ ১১টি পদের সবকটিতে হলুদ দলের প্রার্থীরা নির্বাচিত হয়েছেন। ভোটগ্রহণ শেষে মঙ্গলবার সন্ধ্যা ৬টায় নির্বাচন কমিশনার উদ্ভিদ বিদ্যা বিভাগের অধ্যাপক আব্দুল গফুর ফলাফল ঘোষণা করেন। এবার বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগের সহযোগী অধ্যাপক ড. এ এফ এম আওরঙ্গজেব সভাপতি এবং ইংরেজী বিভাগের অধ্যাপক সুকান্ত ভট্টাচার্য সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। এদিকে

(২ পৃষ্ঠা ৫ কঃ দেখুন)

## মুক্তিযুদ্ধের পক্ষের

(প্রথম পৃষ্ঠার পর)

ফলাফল ঘোষণার পরপরই শিক্ষক সমিতির নবনির্বাচিত কমিটিকে অভিনন্দন জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ইফতেখার উদ্দিন চৌধুরী ও উপ-উপাচার্য ড. শিরিন আখতার।

নির্বাচিত অপর প্রার্থীরা হলেন সহ-সভাপতি পদে ফরেস্ট্রি এ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্সের অধ্যাপক খালেদ মিসবাহুজ্জামান, কোষাধ্যক্ষ পদে ভূগোল ও পরিবেশ বিদ্যা বিভাগের অধ্যাপক অলক পাল এবং যুগ্ম-সম্পাদক পদে পদার্থবিদ্যা বিভাগের সহকারী অধ্যাপক মোঃ মহসীন এবং সদস্য পদে অধ্যাপক ড. মোঃ আলাউদ্দিন, কুন্তল বড়ুয়া, অধ্যাপক ড. মাহবুবুল হক, শাহেদুল কাদের, সবুজ চৌধুরী, সাজেদা আক্তার।